

## ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## ২১. (ঘ) নিজের জন্য দো'আ

(ঘ) নিজের জন্য দো'আ [সোলায়মান (আঃ)-এর দো'আর ন্যায়]:

رَبِّ أَوْزِعْنِيْ أَنْ أَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْ أَنْعَمْتَ عَلَيَّ وَعَلَى وَالِدَيَّ وَأَنْ أَعْمَلَ صَالِحًا تَرْضَاهُ وَأَدْخِلْنِيْ بِرَحْمَتِكَ فِيْ عِبَادكَ الصَّالِحِيْنَ ـ (النمل 19) ـ

উচ্চারণ : 'রবেব আওঝি'নী আন আশকুরা নি'মাতাকাল্লাতী আন'আমতা 'আলাইয়া, ওয়া 'আলা ওয়ালেদাইয়া, ওয়া আন আ'মালা ছ-লেহান তার্যা-হু, ওয়া আদখিলনী বি রহমাতিকা ফী 'ইবা-দিকাছ ছ-লেহীন।

অনুবাদ: 'হে আমার পালনকর্তা! আমাকে ও আমার পিতা-মাতাকে যে নে'মত তুমি দান করেছ, তার কৃতজ্ঞতা প্রকাশ করার শক্তি আমাকে দান কর এবং আমি যেন এমন সংকর্ম করতে পারি, যা তুমি পছন্দ কর এবং আমাকে তোমার অনুগ্রহে তোমার সংকর্মশীল বান্দাগণের অন্তর্ভুক্ত কর' (নমল ২৭/১৯)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9283

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন